

# PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

**প্রায় লক্ষাধিক টাকার বাড়ী ভাড়া মওকুফ করলেন সুনামগঞ্জ জেলা পিস এ্যাসোসেডের নেটওয়ার্কের সহ সমন্বয়কারী গোলাপ মিয়া।** - হাফিজুর রহমান নোমান ও কুদরত পাশা, সুনামগঞ্জ।

করোনা ভাইরাসের প্রভাবে সারাদেশ লকডাউন হয়ে যাওয়ার কারণে দেশের অন্যান্য অঞ্চলের মত দিরাই উপজেলার দোকানদার এবং ব্যবসায়ীদেরও আয়ের পথ বন্ধ হয়ে যায়। এমতাবস্থায় ব্যবসায়ীদের সুবিধার্থে শ্যামারচর বাজারের নিজস্ব মালিকানাধীন মার্কেটের দোকানভাড়া বাবদ একমাসের প্রায় লক্ষাধিক টাকা ভাড়া মওকুফ করলেন সুনামগঞ্জ জেলা পিস এ্যাসোসেডের নেটওয়ার্কের সহ সমন্বয়কারী, দিরাই উপজেলা পিএফজির পিস এ্যাসোসেডের, উক্ত উপজেলার বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাপ মিয়া। এ ব্যাপারে তিনি বলেন, রাজনীতির মূল মন্ত্র হচ্ছে জনসেবা। আমি দুইবার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়ে মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রেখেছি। দলীয় নির্দেশের কারণে এবার নির্বাচন করিনি তাই সামাজিক কাজে আত্ম নিয়োগ করেছি। বর্তমানে সমগ্র পৃথিবী করোনা ভাইরাসের সাথে যে যুদ্ধ করছে বাংলাদেশও সে যুদ্ধের বাহিরে নয়। করোনার কারণে সারাদেশে লকডাউন চলছে, মানুষ ঘরের বাহিরে যেতে পারছে না, ব্যবসায়ীরাও দোকান বন্ধ করে হোম কোয়ারান্টাইন এ আছেন। সেই সুযোগে মানুষের সেবা করার সুযোগ নিলাম এবং তার অংশ হিসেবে আমার মার্কেটে যে সব ব্যবসায়ী ব্যবসা করছেন তাদের একমাসের ঘর ভাড়া প্রায় লক্ষাধিক টাকা মওকুফ করে দিলাম।

তিনি আরো বলেন, আমরা সবাই সম্মিলিতভাবে করোনার বিরুদ্ধে জয়ী হয়ে সোনার বাংলা বিনিমানে কাজ করবো। সংকটকালীন এ সময়ে সমাজের বিত্তবানদেরকে সাধারণ মানুষের পাশে দাড়ানোর জন্য তিনি একান্ত আহ্বান জানান।

**গৃহবন্দী সুবিধাবঞ্চিত মানুষদের ঘরে ঘরে ত্রাণ সামগ্রী পৌঁছে দিলেন উখিয়ার পিএফজি সদস্য জনাব আব্দুল মোস্তফা।** - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।



করোনা সংকটকালে গৃহবন্দী হয়ে পড়া অসহায় মানুষদের ঘরে ঘরে ত্রাণ সামগ্রী পৌঁছে দিলেন উখিয়া উপজেলার সম্মানীত পিএফজি সদস্য ও যুবলীগ নেতা জনাব আব্দুল মোস্তফা। জনাব মোস্তফা বলেন, করোনার কারণে বর্তমানে সমাজে যে বড় ধরণের খাদ্য সংকট দেখা দিয়েছে সেসক্রে বৃহত্তর সমাজের প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে এলাকার যুব শ্রেণীর উদ্যোগে এধরণের কার্যক্রম চালু রাখা দরকার, আর সে লক্ষ্যেই উখিয়ার যুবলীগ এ ধরণের প্রচেষ্টা অব্যাহত রাখবে। উল্লেখ্য, উখিয়ার সোনারপাড়া এলাকার সম্মানীত ব্যক্তিত্ব জনাব এইচ এম জসিম উদ্দিন ও সামাজিক সংগঠন হাসিমুখ ফাউন্ডেশন তার এই ত্রাণ বিতরণ কার্যক্রমে সহায়তা করেন।